দানপত্র গ্রহীতা ঃ শ্রী মলয় ঘোষ ,
পিতা - শ্রী মৃত্যুঞ্জয় ঘোষ ,
জাতীয়তা - ভারতীয়, ধর্ম - হিন্দু ,
পেশা - ব্যবসা ,
সাং - ৪৫/২, সেন্ট্রাল রোড, আনন্দপুরী ,
বারাকপুর, পোঃ- নোনা-চন্দনপুকুর ,
থানা - টিটাগড়, জেলা - উত্তর ২৪ পরগণা ,
কোলকাতা - ৭০০ ১২২ ।

দানপত্র দাতা ঃ শ্রী মৃত্যুঞ্জয় ঘোষ ,
পিতা - স্বর্গীয় শৈলেন্দ্র চন্দ্র ঘোষ ,
জাতীয়তা - ভারতীয়, ধর্ম - হিন্দু ,
পেশা - ব্যবসা ,
সাং - ৪৫/২, সেন্ট্রাল রোড, আনন্দপুরী ,
বারাকপুর, পোঃ- নোনা-চন্দনপুকুর ,
থানা - টিটাগড়, জেলা - উত্তর ২৪ পরগণা ,
কোলকাতা - ৭০০ ১২২ ।

কস্য নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত স্থাবর সম্পত্তির সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় শুভ দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

পরের পাতা ৩........

M/S SAMADDAR ENTERPRISE
Kowshik Samaddar
Proprietor

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - টিটাগড়, এ. ডি. এস. আর. অফিস বারাকপুর তথা ডি. আর. বারাসাতের সামীল, স্থানীয় বারাকপুর পৌরসভার এলাকাধীন, মৌজা - চানক গ্রামে, জে. এল. নং - ৪, রে. সা. নং - ৩৯, তৌজি নং - ২৯৮ এর অন্তর্গত জমিদার হালে এষ্টেট এ্যাকুইজিশন এ্যাক্ট অনুসারে হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুরের অধীনে রিভিশন্যাল সেটেলমেন্ট জরিপের ২১৪১ নং খতিয়ানভুক্ত আর. এস. ৪৯৫৩ নং দাগের জমিজমার মধ্যে ১৪ কাঠা ১ ছটাক ২ বর্গফুট জমি মায় সম্পত্তিতে শ্রী সুশীল কুমার ঘোষ মহাশয় তাহার অপর শরিকগণের সহিত যৌথভাবে ভোগদখল করিতে থাকাবস্থায় নিজেদের ভোগদখলের সুবিধার্থে বিগত ইংরাজী ০৩/০৪/১৯৬৯ তারিখে বারাকপুর সাব-রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির, ২৮ নং ভল্যুমের, ১৩০ হইতে ১৩৮ নং পাতায় লিপিবদ্ধ, '১৪১৭' নং রেজিষ্ট্রীকৃত বন্টননামা দলিলমূলে নিজেদের মধ্যে বিভাগ বন্টন করিয়া লইলে পর উক্ত শ্রী সুশীল কুমার ঘোষ উক্ত বন্টননামা দলিলের চতুর্থ পক্ষ গণ্যে 'ক' তপশীলভুক্ত ষোল আনা সম্পত্তির অন্দরে 'ঙ' তপশীলভুক্ত প্লট নং '৪' রূপে চিহ্নিত কমবেশী ৮২৮ বর্গফুট বা ১ কাঠা ২ ছটাক ১৮ বর্গফুট জমি প্রাপ্ত হইয়া স্থানীয় পৌরসভায় নিজ নাম পত্তন করতঃ উপরোক্ত ভূমিতে

পরের পাতা ৪........

M/S SAMADDAR ENTERPRISE
Kowshik Samaddar
Proprietor

দোকানঘর মায় সম্পত্তি নির্মান করিয়া ধার্য্যকৃত ট্যাক্সাদি ও খাজনাদি রীতিমত প্রদানে মালিক থাকাবস্থায় উপরোক্ত সম্পত্তির মধ্যে কমবেশী ১১৪.১৩ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া পরিমিত একখানি দোকানঘর যাহা আমি অত্র দানপত্র দলিলের দাতা বিগত ইংরাজী ১৬/০৪/২০১৫ তারিখে বারাকপুর এ. ডি. এস. আর. অফিসের ১ নং বহির, ০১৫৬৭ নং রেজিষ্ট্রীকৃত দানপত্র দলিলমূলে আমার সহোদর ভ্রাতা উক্ত শ্রী সুশীল কুমার ঘোষ মহাশয়ের নিকট হইতে প্রাপ্ত হইয়া অন্যের বিনা স্বত্ব সংশ্রবে খাসে নির্ব্যূঢ় স্বত্বে এককভাবে ষোল আনা রকমে মালিক ও ভোগদখলীকার বিদ্যমান আছি । যাহাতে আমার দান, বিক্রয়, বন্ধক ইত্যাদি সর্বপ্রকার হস্তান্তর করণের উত্তম স্বত্ব ও অধিকার অক্ষুন্ন আছে ।

এক্ষনে তুমি অত্র দানপত্র দলিলের গ্রহীতা আমার অর্থাৎ অত্র দানপত্র দলিল দাতার ঔরসজাত পুত্র বিধায় আমার অতীব ভালোবাসার প্রিয় পাত্র হইতেছ । তোমার প্রতি আমার ভালোবাসার নিদর্শন স্বরূপ আমার নিজ স্বত্ব দখলীয় উপরোক্ত তথা নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত সম্পত্তি তোমাকে দান করিতে মনস্থির করিলে এবং তুমি তাহা সানন্দে গ্রহণ করিতে ইচ্ছা প্রকাশ করিলে পর অদ্য অত্র দানপত্র দলিল প্রস্তুত করতঃ সহি

পরের পাতা ৫........

M/S SAMADDAR ENTERPRISE
Proprietor

সম্পাদন করিয়া দিলাম ও দানকৃত সম্পত্তি হইতে এককালীন চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইয়া স্বীকার, অঙ্গীকার ও প্রচার করিয়া ঘোষনা করিতেছি যে,

এযাবৎকাল অত্র দানকৃত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব-স্বামীত্ব, হক-হকিয়ৎ, পাওনা, লভ্য, দাবী-দাওয়া ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে চিরতরে ধ্বংস ও বিলুপ্ত হইয়া অত্র দানপত্র দলিল দ্বারা তাহা তোমার অনুকূলে বর্তিল এবং তোমার হইল । তুমি অত্র দানপত্র গ্রহীতা অদ্য হইতে আমার অর্থাৎ অত্র দানপত্র দাতার স্থলে স্থানীয় পৌরসভায় ও সকল সম্ভাব্য স্থলে তোমার নিজ নাম পত্তন পূর্বক নিজ নামে ট্যাক্সাদি, খাজনাদি প্রদানে ও রসিদ গ্রহণে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে দান, বিক্রয়, বন্ধক প্রভৃতি যাবতীয় হস্তান্তর করণের ক্ষমতাযুক্ত যদৃচ্ছামতে পরমসুখে চিরকাল ভোগদখল করিতে থাকো । তাহাতে আমি অত্র দানপত্র দাতা বা আমার অপর কোনও ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে কেহ কখনও কোনপ্রকার ওজর-আপত্তি বা বাধা-বিঘ্ন সৃষ্টি করিতে পারিব না বা পারিবে না, অথবা করিলেও তাহা সর্বদা সর্বদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে ।

M/S SAMADDAR ENTERPRISE
Kowshik Samaddar
Proprietor

পরের পাতা ৬........

প্রকাশ থাকে যে, আমি অত্র দানপত্র দাতা নিম্ন তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তি বা উহার কোনও অংশ ইতিপূর্বে কোনও প্রকারে হস্তান্তর বা দায়বদ্ধ করি নাই বা উক্ত সম্পত্তিতে কোনও এ্যাকুইজিশন বা রিকুইজিশন নাই বা হইবার পক্ষে কোনও নোটিশ জারী হয় নাই বা উক্ত সম্পত্তিতে কোনরূপ নিষেধাজ্ঞা নাই । উক্ত সম্পত্তি আমি অত্র দানপত্র দাতা, তোমাকে অর্থাৎ দানপত্র গ্রহীতাকে সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় নিঃশর্তে দান করিয়া ও উক্ত দানকৃত সম্পত্তিতে রীতিমত খাস খোলসা দখল প্রদান করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম । অর্থাৎ সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি তোমাকে দান করিয়া দিলাম ও তাহার দখলাদি বুঝাইয়া দিলাম । দানকৃত সম্পত্তির আনুমানিক মূল্য ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা হইবে ।

প্রকাশ থাকে যে, অত্র শুভ দানপত্র দলিলে লিখিত বিবরণাবলিতে যদি ভবিষ্যতে কোনপ্রকার ভুল-ভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহা হইলে তোমার ব্যয়ে প্রস্তুত ভ্রমসংশোধনী দলিল পুনরায় রেজিষ্ট্রী অফিসে আসিয়া তোমার নাম বরাবর রেজিষ্ট্রী করিয়া দিব ।

M/S SAMADDAR ENTERPRISE
Kowshik Samaddar
Proprietor

পরের পাতা ৭.......